

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.১১৮

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৭

১৪ সেপ্টেম্বর ২০২০

বিষয়: “এস্টাবলিশমেন্ট অব সোস্যাল সার্ভিসেস কমপ্লেক্স ইন ৬৪ ডিসট্রিক্টস” শীর্ষক অনুমোদিত প্রকল্পের আওতায় জেলা সমাজসেবা কমপ্লেক্স, গাজীপুর এর অনুকূলে ভূমি অধিগ্রহণের জন্য প্রস্তাবিত মৌজা-জয়দেবপুর, জে.এল.-৪৫, গাজীপুর সদর উপজেলায় ০.৬৬ (শূণ্য দশমিক ছয় ছয়) একর জমি অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ০১. স্মারক নং- ৪১.০১.৩৩০০.০০০.১৪.৪৯১.১০.৭৫, তারিখঃ ১১/০২/২০২০ ইং।

০২. স্মারক নং- ৪১.০১.৩৩০০.০০০.১৪.৪৯১.১০.৪২৯, তারিখঃ ০১/০৯/২০২০ ইং।

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, “এস্টাবলিশমেন্ট অব সোস্যাল সার্ভিসেস কমপ্লেক্স ইন ৬৪ ডিসট্রিক্টস” শীর্ষক অনুমোদিত প্রকল্পের আওতায় জেলা সমাজসেবা কমপ্লেক্স, গাজীপুর এর অনুকূলে ভূমি অধিগ্রহণের জন্য প্রস্তাবিত মৌজা-জয়দেবপুর, জে.এল.-৪৫, গাজীপুর সদর উপজেলায় ০.৬৬ (শূণ্য দশমিক ছয় ছয়) একর জমি অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি পত্রের জন্য আবেদন করেছে। যার মৌজা (মৌজা ম্যাপ, সংযুক্তি-০১) শিডিউল নিম্নরূপ:

থানা নাম	মৌজা নাম	জে এল নং	শিট নং	আর এস দাগ নং	জমির পরিমাণ (একর)	পূর্ণ/আংশিক
জয়দেবপুর	জয়দেবপুর	৫৮	০২	১৩৫২	০.৬৬	আংশিক
মোট=					০.৬৬ একর	

তদু প্রেক্ষিতে উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী প্রস্তাবিত জমিতে কয়েকটি টিনশেড ঘর রয়েছে, যাহাতে একটি পারিবার অস্থায়ীভাবে বসবাস করছে, প্রস্তাবিত জমির অধিকাংশ জায়গা নিচু জমি পানিতে নিমজ্জিত ও খালি পড়ে আছে এবং জমির দক্ষিণে উত্তর ছায়াবিধী রোড যা ড্যাপে ৪০ ফুট প্রশস্ত রাস্তার প্রস্তাবনা দেয়া রয়েছে (Google Map, সংযুক্তি-০২, পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০৩)। Detail Area Plan (DAP) এর Database পর্যালোচনা করে দেখা প্রস্তাবিত স্থানের প্রস্তাবিত ভূমি ব্যবহার Urban Residential Zone এবং Proposed Road Network (প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ, সংযুক্তি-৪) হিসেবে চিহ্নিত আছে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক উক্ত স্থানে প্রস্তাবিত রাস্তার ৪.২৬ মি. জমি ছেড়ে দেয়ার শর্ত সাপেক্ষে অনাপত্তি প্রদান করা হয়েছে (স্মারক নং-২৫.৩৯.০০০০.০৩১.৩৬.০০৫.২০.৭) (রাজউক এর অনাপত্তি পত্র, সংযুক্তি-০৫)।

এমতাবস্থায়, গাজীপুর জেলায় জেলা সমাজসেবা কমপ্লেক্স নির্মাণ এর জন্য জয়দেবপুর মৌজায় ১৩৫২ নং দাগে

পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রস্তাবিত ০.৬৬ (শূণ্য দশমিক ছয় ছয়) একর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাই।


০১. DAP এ প্রস্তাবিত ১২.১৮ মিটার প্রশস্ত সড়কের জমি সংরক্ষন পূর্বক নিজস্ব Access Road তৈরী করতে হবে।

০২. প্রস্তাবিত জমিতে স্থাপনা নির্মান করা হলো উক্ত এলাকায় পানির প্রবাহ অক্ষুন্ন রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি গাজীপুর জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি:

০১. প্রকল্পের স্থান চিহ্নিতপূর্বক মৌজা ম্যাপ।
০২. প্রস্তাবিত এলাকার Google Map।
০৩. পরিদর্শন প্রতিবেদন।
০৪. প্রকল্প এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ।
০৫. রাজউক এর ছাড়পত্র।



১৪-৯-২০২০

আহমেদ আখতারুজ্জামান

সিনিয়র প্ল্যানার

এস. এম. আনোয়ারুল করিম, উপ-পরিচালক
জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.১১৮/১(৪)

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৭
১৪ সেপ্টেম্বর ২০২০

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৪) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর



১৪-৯-২০২০

জাকিয়া সুলতানা

প্ল্যানার